

26 সেপ্টেম্বর 2024

প্রিয় পরিবারবর্গ,

সর্বপ্রথম, আপনার সম্মানকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আস্থার সাথে দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাতে চাই। আমি আপনাদের অবহিত করতে চাই যে প্রায় 40 বছর এই সিটির শিক্ষার্থী ও পরিবারদের পরিষেবা দেয়ার পর, আমি এই ক্যালেন্ডার বছরের পর অবসর গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছি।

আমার প্রথম দিনগুলোতে স্কুলের একজন নিরাপত্তা কর্মী হিসেবে শুরু করার পর থেকে একজন শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, প্রিন্সিপাল, ইগল অ্যাকাডেমি নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা, এবং অবশেষে একজন চ্যান্সেলর হিসেবে, আমি—পড়ার মৌলিক বিষয়গুলো থেকে শুরু করে পেশা সংযুক্ত শিক্ষার জন্য বিভিন্ন যুগান্তকারী সুযোগ পর্যন্ত—আমাদের সিটির শিক্ষার্থীদের প্রাপ্য শিক্ষাগত অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে নিরলসভাবে কাজ করেছি।

আমি নিজে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর মাঝে বড় হয়েছি, এবং আমি একটি উৎকৃষ্ট সরকারি (পাবলিক) শিক্ষা রূপান্তরকারী প্রভাবের প্রতি গভীরভাবে বিশ্বাস করি। যদিও আমি অবসর গ্রহণ করছি, আমি জানি আমরা যে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ শুরু করেছি তা অব্যাহত থাকবে এবং এটার প্রভাব বহু বছর অনুভূত হবে।

এছাড়াও আমি প্রায় তিন বছর আগে এই দায়িত্ব গ্রহণ করেছিলাম চারটি বিশ্বাসের স্তম্ভ দ্বারা পরিচালিত হয়ে: শিক্ষার্থীদের অভিজ্ঞতা পুনর্ভাবনা করতে; যা ভালোভাবে কাজ করে সেগুলো আনুপাতিক হারে বৃদ্ধি, দীর্ঘস্থায়ী, ও পুনরুদ্ধার করা; সার্বিক সুস্থতার প্রতি অগ্রাধিকার দেয়া এবং সেটাকে শিক্ষার্থীর সফলতার সাথে সংযুক্ত করা; এবং পরিবার ও কমিউনিটিগুলোর সাথে সত্যিকার অর্থেই অংশীদার হিসেবে সম্পৃক্ত হওয়া। আমি গর্বের সাথে বলতে পারি যে আমরা এই বছরগুলোতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছি। আমরা এনওয়াইসি রিডস্ (NYC Reads) এবং NYC সলভস্ (NYC Solves) চালু করেছি, উদ্ভাবনী এবং পরিপূর্ণ কলেজ এবং কর্মজীবনের পথ-পরিক্রমা তৈরি করেছি, ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং গঠন করেছি, আমাদের 45,000-এর অধিক নব্য নিউ ইয়র্কবাসীদের স্বাগত জানিয়েছি, শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সহায়তা সম্প্রসারিত করেছি, আমাদের স্কুল কমিউনিটিগুলোতে 1.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছি এবং আরও অনেক কিছু। এই সবকিছুর মধ্য দিয়ে, আমরা শিক্ষার্থী, পরিবার, ও কমিউনিটিগুলোকে কেন্দ্রবিন্দুতে রেখেছি।

আমি ডেপুটি চ্যান্সেলর মেলিসা অ্যাভিলেস-রামোসকে (Melissa Aviles-Ramos) অভিনন্দন জানাতে চাই, যিনি জানুয়ারিতে চ্যান্সেলর হিসেবে দায়িত্ব নেবেন। মেলিসা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর একজন প্যারেন্ট, একজন জীবনভর নিউ ইয়র্কের বাসিন্দা, এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, আমাদের শিক্ষার্থী ও স্কুলের



কমিউনিটিগুলোর জন্য একজন নিবেদিত-প্রাণ। মেলিসাই এ কাজের জন্য সঠিক ব্যক্তি সেবিষয়ে আমার পূর্ণ আত্মবিশ্বাস রয়েছে, এবং আমি বিশ্বাস করি যে তার নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ আরও ভালো কিছু আসছে।

আমাদের সিটির শিক্ষার্থীদের জন্য 'ব্রাইট স্টার্ট অ্যান্ড বোল্ড ফিউচার' (বলিষ্ঠ শুরু এবং উজ্জ্বল ভবিষ্যৎ) গড়ে তুলতে পারা একটি আজীবন সম্মানের বিষয়। আমাদের চমৎকার শিক্ষার্থী ও পরিবারদের পক্ষ হয়ে—140,000 জন নিবেদিতের একটি অসাধারণ দলের সাথে কাজ করতে পেরে আমি প্রতিদিন নিজেকে ধন্য মনে করেছি। আমি আপনার একনিষ্ঠ অ্যাডভোকেট এবং সমর্থক হিসেবে থাকবো, এবং আমি আপনাদের—আমাদের পরিবার, প্যারেন্ট লিডার, এবং কমিউনিটির সদস্যদের—অংশীদারিত্ব ও উৎসর্গের জন্য ধন্যবাদ জানাচ্ছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)